



## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০

www.cpa.gov.bd

### সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চবক কর্তৃক শিপ হ্যাভলিং অপারেটর ও বার্থ অপারেটর লাইসেন্স প্রদানের জন্য ৩০/০৯/২০২৫ইং তারিখে জারীকৃত বিজ্ঞপ্তিমূলে আবেদনপত্র আহবান করা হয়। ইতিমধ্যে বিভিন্ন সূত্রে জানা যায় যে, কিছু কুচক্রীমহল উক্ত লাইসেন্স প্রদানের নামে জনসাধারণকে বিভ্রান্ত করে অর্থ হাতিয়ে নেয়ার পায়তরায় লিপ্ত হয়েছে। উল্লেখ্য, শিপ হ্যাভলিং ও বার্থ অপারেটর লাইসেন্স প্রদানের বিজ্ঞপ্তিটি নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পরিপত্রের আলোকে জারী করা হয়েছে এবং সম্পূর্ণ স্বচ্ছতার ভিত্তিতে বিভিন্ন ধাপে যাচাই/বাছাইয়ের পর সংশ্লিষ্ট সকল নিয়ম-কানুন ও বিধি-বিধান অনুসরণ করে উক্ত লাইসেন্স প্রদানের কার্যক্রম সম্পন্ন করা হবে। তাই কোন অসাধু ব্যক্তি বা ব্যক্তিবর্গ বা কোন কুচক্রীমহল শিপ হ্যাভলিং ও বার্থ অপারেটর লাইসেন্স প্রদানের ব্যাপারে বেআইনীভাবে আর্থিক সুবিধা নেয়ার বা প্রতারণার চেষ্টা করলে তাকে দ্রুত আইন-শৃঙ্খলা বাহিনীর হাতে সোপর্দ করার জন্য অনুরোধ করা হলো।

আদেশক্রমে

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

২০২৪-২৫ ইং